মুহ'াম্মাদ আনওয়ার শাহ কাশমীরী, সায়্যিদ (محمد انور شاه کشمیری سید) : খ্যাতনামা মুহ'াদ্দিছ', বিশিষ্ট সংস্কারক 'আলিম ও দারু'ল-'উলূম দেওবান্দ-এর প্রধান শিক্ষক। তিনি ২৭ শাওওয়াল, ১২৯২/২৬ নভেম্বর, ১৮৭৫ সালে দুধুওয়াঁ (কাশমীরের লৌলাব অঞ্চল)-এ জন্মগ্রহণ করেন। তিনি মাওলানা গু'লাম মুহ'াম্মাদ-এর নিকট কু'রআনু'ল-কারীম ব্যতীত ফারসী ও 'আরবীর প্রাথমিক শিক্ষা লাভ করেন। তিনি দারু'ল-'উলূম দেওবানদ-এর খ্যাতির কথা শ্রবণ করিয়া ১৩০৭-১৩০৮ হি. সনে ষোল কিংবা সতের বৎসর বয়সে তথায় গমন করেন। তথায় তিনি চারি বৎসর অবস্থান করিয়া মাওলানা মাহ'মূদ হ'াসান (দ্র.), মাওলানা খালীল আহ'মাদ সাহারান-পূরী (দ্র.) ও অন্যান্য উসতাদের নিকট শিক্ষা লাভ করিয়া আনুমানিক বিশ বৎসর বয়সে কৃতিত্বের সহিত সমাপনী সনদ লাভ করেন। অতঃপর তিনি মাওলানা রাশীদ আহ'মাদ গাংগুহী (দ্র.)-এর নিকট বায়'আত হন এবং তাঁহার নিকট হইতে হ'াদীছ' বর্ণনা করার সনদ ও আধ্যাত্মিক জ্ঞান লাভ করেন। তিনি দিল্লীতে হ'াকীম ওয়াসি'ল খান-এর নিকট ইউনানী চিকিৎসাশাস্ত্র শিক্ষা করেন (দ্র. বাদরে 'আলাম মীরাঠী, মুক'াদ্দিমাঃ ফায়দু'ল-বারী, কায়রো ১৯৩৮, পৃ. ১৭-২০); আনজ'ার শাহ মাস'উদী, নাক'শ-ই দাওয়াম, দিল্লী ১৯৭৮ খৃ., পৃ. ২৭-৩৭)।

তিনি দিল্লীর আমীনিয়াঃ মাদরাসায় তিন কিংবা চারি বৎসর শিক্ষকের দায়িত্ব পালন করেন। তিনি ১৩২৩/১৯০৫ সনে কাশমীরের কয়েকজন খ্যাতিমান ব্যক্তির সহিত হ'ারামায়ন শারীফায়ন (মক্কা-মদীনা)-এর যিয়ারাত করেন। হি'জায সফরকালে তিনি শায়খ হ'সায়ন জিসর ত'ারাবলিসীর (রিসালা হ'ামীদিয়ার লেখক) নিকট হইতে হ'াদীছ'-এর সনদ লাভ করেন। অতঃপর তিনি কয়েক বৎসর যাবত দেওবন্দে হ'াদীছে'র অধ্যাপনা করেন (দ্র. মুহ'াম্মাদ আজ'হার শাহ, হ'ায়াত-ই আনওয়ার, দিল্লী ১৯৫৫ খৃ., পৃ. ৪-৬)।

হযরত শায়খু'ল-হিনদ-এর ইনতিকালের (১৯২০ খৃ.) পর শাহ সাহেব যথারীতি দেওবন্দ মাদরাসার প্রধান শিক্ষক নিযুক্ত হন। তাঁহার প্রধান শিক্ষক থাকাকালে একদিকে বাংলা, বার্মা ও মালয়েশিয়া, অপরদিকে তুর্কিস্তান ও আফ্রিকা মহাদেশ হইতে আগত ছাত্র দেওবন্দে তাঁহার নিকট হইতে হ'াদীছে'র শিক্ষা লাভ করে (মুহ'াম্মাদ য়ূসুফ বিন্নূরী, মুশকিলাতু'ল-কু'রআান, দিল্লী ১৩৫৭ হি. ও করাচী, পৃ. ৩-৪)।

তিনি অকেটাবর ১৯২৭ খৃ. পেশাওয়ারে অনুষ্ঠিত জাম'ইয়্যাত-ই 'উলামা-ই হিন্দ-এর বার্ষিক সভায় সভাপতিত্ব করেন। তিনি সভাপতির ভাষণে সীমান্ত প্রদেশের ভৌগোলিক গুরুত্ব, ইংরেজদের অত্যাচার এবং স্বাধীন জাতিসমূহের প্রতিবন্ধকতার উপর আলোক-পাত করেন। সীমান্ত প্রদেশের জন্য অন্যান্য প্রদেশের সমান

সংস্কার ও উন্নয়ন কর্মকাণ্ড এবং সুযোগ-সুবিধার দাবি জানান। উপরন্তু নিপীড়িত মুসলিম মহিলাদের ধর্মত্যাগের তদারক, কুপ্রথা-সমূহের বিলোপ ও কন্যাদের জন্য পিতার সম্পত্তিতে অংশী-দারিত্বের ক্ষেত্রে শারী'আত প্রদত্ত অধিকার ও পাওনা প্রদান করার আহ্বান জানাইলেন (আনজ'ার শাহ মাস'ঊদী, নাক'শ-ই দাওয়াম, দিল্লী ১৯৭৮ খৃ., পৃ. ২০২-২৪৭,)।

সভার পর দারু'ল-'উলূম-এর ব্যাবস্থাপক মণ্ডলীর সহিত কিছু পদক্ষেপের ব্যাপারে যখন মতবিরোধ দেখা দেয় তখন মাওলানা শাব্বীর আহ মাদ 'উছ'মানী, মাওলানা বাদর-ই 'আলাম মীরাঠী ও অন্য বহু 'আলিম ও কয়েক শত ছাত্রের একটি দলসহ তিনি জামি'আঃ ইসলামিয়াঃ ডাভেল চলিয়া যান। সেখানে ১৩৫১/১৯৩১ সাল পর্যন্ত অধ্যাপনা করেন।

শেষ বয়সে শাহ সাহেবের লক্ষ্য ক'াদিয়ানীদের বিরোধিতায় এবং তাহাদের ভ্রান্ত মতবাদের বিরুদ্ধে কেন্দ্রীভূত হয়। তিনি তাঁহার ছাত্রদেরকে ইসলাম প্রচার এবং লেখনী ও রচনার মাধ্যমে ক'াদি-য়ানীদের মুকাবিলা করার আহবান জানান। 'আল্লামাঃ ইক'বাল শাহ সাহেবের অনুপ্রেরণায় তাঁহার Islam and Ahmadism গ্রন্থ রচনা করেন (দ্র. মুফতী মুহ'াম্মাদ শাফী', ক'াদিয়ানী ফিতনাঃ, হ'য়াত-ই আনওয়ার, সংকলক ঃ মুহ'াম্মাদ আযহার শাহ, পৃ. ২৪৭-২৬৯, দিল্লী ১৯৫৫ খৃ.)। ১৯৩৩ খৃ. তিনি বাহাওয়াল-পুরের ডিস্ট্রিক্ট জজের এজলাসে এমন এক ঐতিহাসিক বিবরণ পেশ করেন যাহা ক'াদিয়ানী মতবাদের উপর তথ্যবহুল পর্যালোচনা এবং ক'াদিয়ানী মতবাদের প্রতিষ্ঠাতার দাবি ও ভ্রান্ত ধারণাসমূহের বিরুদ্ধে এক অকাট্য দলীল হিসাবে বিবেচিত। ৩ স'ফার, ১৩৫২/২৯ মে, ১৯৩৩ সালে তিনি ইনতিকাল করেন এবং দেওবন্দেই তাঁহাকে দাফন করা হয়।

জ্ঞান-গরিমা ঃ সায়্যিদ সুলায়মান নাদব'ী'র বর্ণনামতে "মাওলানা মুহ'াম্মাদ আনওয়ার শাহ দূরদৃষ্টি, অসাধারণ মেধা ও স্মরণশক্তিতে অতুলনীয় ছিলেন। হ'াদীছে'র হ'াফিজ' ও পর্যালোচক, আরবী সাহিত্যের উঁচুদরের পণ্ডিত, যুক্তিবিদ্যায় পারদর্শী, আরবী কাব্যে বিশেষজ্ঞ এবং যুহ্দ ও তাক'ওয়ায় অদ্বিতীয়" (য়াদ-ই রাফতগান, করাচী সং., পৃ. ১৪৬)। মাওলানা আশরাফ 'আলী থানাব'ী, মাওলানা শাব্বীর আহ'মাদ 'উছ'মানী ও 'আল্লামাঃ ইক'বাল 'ইলমের কোনও কোনও জটিল বিষয়ের সমাধানের জন্য তাঁহার শরণাপন্ন হইতেন (দ্র. সা'ঈদ আহ'মাদ আকবার আবাদী, হ'য়াত-ই আনওয়ার, পৃ. ১৬৩-১৬৬)।

শাহ সাহেবের খ্যাতিমান ছাত্রবৃন্দ ঃ মাওলানা মানাজি'র আহ'সান গীলানী, মুফতী মুহ'াম্মাদ শাফী', মুহ'াম্মাদ ইদরীস কানধলাব'ী, বাদর-ই 'আলাম মীরাঠী, মুহ'াম্মাদ য়ূসুফ বিন্নূরী, মাওলানা ক'ারী মুহ'াম্মাদ ত'য়্যিব, হ'াবীবু'র-রাহ'মান 'আজ'মী, সা'ঈদ আহ'মাদ আকবার আবাদী ও মুহ'াম্মাদ চেরাগ (গুজরানওয়ালাহ) ['আবদু'র-রাশীদ আরশাদ, বীস বড়ে মুসালমান, লাহোর, পৃ. ২৯৭-২৯৮]।

রচনাবলী ঃ শাহ সাহেব কু'রআনু'ল-কারীম, হ'াদীছ' ও ইসলামী ফিক'হ-এর কতক জটিল বিষয়, কালামশাস্ত্রের মাস-'আলাসমূহ, উম্মাতের মধ্যে মতবিরোধ সম্পর্কীয় বিষয়াদি এবং স'হ'ীহ' (মুহ'াম্মাদী) 'আক'াইদ-এর মূল উৎস ও মৌল

নীতির উপর বেশ কিছু গ্রন্থ রচনা করিয়াছেন। এইগুলি সবই আরবী ভাষায় রচিত। এতদ্ব্যতীত তাঁহার হ'াদীছে'র পাঠদান সম্পর্কীয় বক্তৃতামালা এবং বিভিন্ন স্মৃতি ও ঘটনা তাঁহার ছাত্রগণ সংকলন করিয়া প্রকাশ করিয়াছেন, যাহার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হইল ঃ

(১) মুশকিলাতু'ল-কু'রআান (দিল্লী সং), কুর'আানু'ল-কারীম-এর কতিপয় জটিল আয়াতের ব্যাখ্যাসম্বলিত স্মৃতিপঞ্জীর সংকলন, যাহার প্রকাশক মাওলানা য়ূসুফ বিনূনূরী। ইহার শুরুতে বিজ্ঞ সংকলকের একটি দীর্ঘ ভূমিকা সংযোজিত হইয়াছে। এই গ্রন্থের ভূমিকায় উহাতে বিভিন্ন তাফসীর, উহার বিশেষ বৈশিষ্ট্যা-বলীর বিবরণ এবং ই'জাাযু'ল-কু'রআানের একটি জ্ঞানগর্ভ বিবরণ রহিয়াছে; (২) ফায়দু'ল-বাারী, স'াহ'ীহ' আল-বুখাারীর ভাষ্য (কায়রো ১৯৩৮ খৃ.), ইহা শাাহ সাহেবের স'াহ'ীহ' বুখাারীর দারস শ্রুতলিপি আকারের ভাষ্য, যাহা মাওলানা বাদর-ই 'আালাম মীরাঠী ও মাওলানা য়ূসুফ বিনূনূরী (র) আরবী ভাষায় চারি খণ্ডে কায়রো হইতে প্রকাশ করিয়াছেন। এই ভাষ্য গ্রন্থে কু'রআান, হ'াদীছ', কালাাম, ফালসাফাঃ (দর্শন) ও অলঙ্কার শাস্ত্র (معانى وبلاغة)-এর আলোচনা করিয়াছেন; (৩) আানওয়াারু'ল-মাহ'মূদ ফী শারহ' সুনানি আবী দাাঊদ, সুনান আবী দাাঊদ-এর উপর পাঠদানের শ্রুতলিপি। ইহা মাওলানা মুহ'াম্মাদ সি'দ্দীক' দুই খণ্ডে সংকলন করিয়া প্রকাশ করিয়াছেন; (৪) 'আারফু'শ-শায'ী বি-শারহি' জাামি'ই'ত-তিরমিয'ী, শাাহ সাহেবের জাামি' তিরমিয'ীর উপর বক্তৃতার শ্রুতলিপি। ইহা মাওলানা মুহ'াম্মাদ চেরাাগ (গুজরাানওয়াালাহ) পাঠদানের সময় লিপিবদ্ধ করিয়াছিলেন। সম্প্রতি ইহার দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছে; (৫) 'আাকী'-দাাতু'ল-ইসলাাম ফী হ'ায়াাতি 'ঈসাা 'আালায়হি'স-সালাাম, এই গ্রন্থে মাসীহ' 'আালায়হি'স-সালাামের জীবিত থাকার 'আাকী'দাঃ সম্পর্কে কু'রআানু'ল-কারীমে বর্ণিত আায়াতসমূহের বিস্তারিত ব্যাখ্যা সন্নিবেশিত হইয়াছে; (৬) তাহি'য়্যাতু'ল-ইসলাাম ফী হ'ায়াাতি 'ঈসাা 'আালায়হি'স-সালাাম, ইহাতে 'ঈসাা ('আা) সম্পর্কে ইসলামী 'আাকী'দার সংযোজন ও ব্যাখ্যা রহিয়াছে; (৭) আাত-তাস'রীহ' বিমাা তাওয়াাতারা ফী নুযূলি'ল-মাসীহ' (বৈরূত সং), মাসীহ' ('আা)-এর অবতরণ সম্পর্কে হ'াদীছ' ও স'াহ'াবায়ে কিরাাম-এর বাণীসমূহ পরীক্ষা-নিরীক্ষা করিয়া প্রকাশ করা হইয়াছে। ইহা মুফতী মুহ'াম্মাদ শাফী' লিখিয়া-ছেন; (৮) ইকফাারু'ল-মুলহি'দীন ফী দ'ারূরিয়্যাতি'দ-দীন, ১২৮ পৃষ্ঠার; ইহাতে কুফর ও ঈমাানের হ'াক'ীক'াত-এর উপর আলোকপাত করা হইয়াছে; (৯) ফাস'লু'ল-খিত'াাব ফী মাস'আলাতি উম্মি'ল-কিতাাব, ইমামের পিছনে সূরাঃ ফাাতিহ'াঃ পাঠ সংক্রান্ত ভিন্ন মতামতের বিশদ বিবরণ। ইহাতে হ'ানাফী দৃষ্টিভঙ্গী সমর্থন করা হইয়াছে; (১০) নায়লু'ল-ফারকাদীন ফী মাস'আলাতি রাফ'ই'ল-য়াদায়ন (দিল্লী সং.), ১৪৫ পৃষ্ঠা সম্বলিত এই পুস্তকে স'ালাাতের পূর্বে ও পরে হাত উত্তোলন সম্পর্কিত মাসআলার পুঙ্খানুপুংখ বিচার-বিশ্লেষণ করা হইয়াছে; (১১) দ'ারবু'ল-খাাতাম 'আালাা হ'দুছি'ল-'আালাম (দিল্লী সং.), 'আাকাা'ইদ ও ফালসাফার বহুল বিতর্কিত বিষয় حدوث العالم (বিশ্ব সৃষ্ট ও পতনশীল)-এর সপক্ষীয় দলীল-প্রমাণগুলিকে চারি

শত পংক্তিতে উপস্থাপন করা হইয়াছে। এই পুস্তিকা 'আল্লামাঃ ইক্'বাল-এর প্রশংসা অর্জন করে; (১২) খাতামু'ন-নাবিয়্যীন, খতমে নুবুওয়াত-এর উপর ফারসী ভাষায় লিখিত একটি উপাদেয় গ্রন্থ। (১৩) খাযীনাতু'ল-আসরার (দিল্লী সং.), ইহাতে দামীরীর হ'ায়াতু'ল-হ'ায়াওয়ান গ্রন্থ হইতে কতকগুলি ধর্মীয় কার্য ও যি'কর-আয'কার আলোচনা করা হইয়াছে। এতদ্ব্যতীত বি'তর-এর মাস'আলা ও 'ইলম গা'য়ব-এর উপরও তাঁহার রচিত গ্রন্থ রহিয়াছে (মুহ'াম্মাদ য়ূসুফ বিন্নূরী, নাফহ'াতু'ল-'আমবার, পৃ. ১১১-২৩৯)।

গ্রন্থপঞ্জীঃ (১) মুহ'াম্মাদ য়ূসুফ বিননূরী, নাফহ'াতু'ল-'আমবার, করাচী ১৯৬৯ খৃ.; (২) ঐ লেখক, মুশকিলাতু'ল-কু'রআন-এর মুক'াদ্দিমাঃ, পৃ. ২-৬, দিল্লী সং.; (৩) বাদর-ই 'আলাম মীরাঠী, ফায়দু'ল-বারী, মুক'াদিমাঃ, পৃ. ১৭-২০, কায়রো ১৯৩৮ খৃ.; (৪) 'আবদু'ল-হ'ায়্যি, নুযহাতু'ল-খাওয়াতি'র, ৮খ., পৃ. ৮০-৮৪, হায়দরাবাদ, দাক্ষিণাত্য সং.; (৫) কারীম বাখশ, জাযা'উ'ল-ইহ'সান, লাহোর ১৩৫২/১৯৩৩; (৬) মুহ'াম্মাদ আনযার শাহ, হ'ায়াত-ই আনওয়ার, দিল্লী ১৯৫৫ খৃ.; (৭) আনজ'ার শাহ মাস'উদী, নাক'শ দাওয়াম, দিল্লী ১৯৭৮ খৃ.; (৮) 'আবদু'র-রাশীদ আরশাদ, বীস বড়ে মুসলমান, পৃ. ৩৭০-৪০০, লাহোর ১৯৭০ খৃ.; (৯) সায়্যিদ সুলায়মান নাদবী, য়াদ রাফতগান, পৃ. ১৪৬, করাচী সং.।

নায'ীর হ'সায়ন (দা.মা.ই.)/আবদুল জলীল